

## শিক্ষক রাজনীতি কাম্য নয়

চট্টগ্রামে প্রবাসীকল্যাণমন্ত্রী

চট্টগ্রাম যুরো

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী মুকুল ইসলাম বিএসসি বলেছেন, শিক্ষকদের মধ্যে দুলাদলি-মারামারি, কোনোভঙ্গই কাম্য নয়। তাদের রাজনীতির সঙ্গে যুক্ত না হওয়া উচিত। শিক্ষকদের দায়িত্ব সুশিক্ষা, মানবিক-মূল্যবোধ ও নৈতিক শিক্ষায় শিক্ফিত করে শিক্ষার্থীদের সুনামগরিক হিসেবে গড়ে তোলা।

শনিবার চট্টগ্রাম নগরীর কাজেম আলী স্কুল অ্যাড কলেজ মাঠে প্রতিষ্ঠানটির দেয়া সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। জনপ্রতিনিধি বা মন্ত্রীর দায়িত্ব পাওয়ার অনেক আগে থেকেই ব্যক্তিগত তহবিল থেকে উন্নয়ন করার চেষ্টা করেছি।

এরপরও আমি মনে করি, আমি এখনও এমন কিছু করিনি যাতে আমি সংবর্ধিত হতে পারি। দেশের জন্য, দেশের মানুষের জন্য এখনও অনেক কিছু করার রয়েছে আমার। তিনি আরও বলেন, কাজেম আলী স্কুল অ্যাড কলেজকে খুব শিগগির সরকারিকরণ করা হবে। পরে তা বিশ্ববিদ্যালয় কলেজে রূপান্তর করা হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. জ. ম. নাছির উদ্দিন। কলেজ পরিচালনা কমিটির সভাপতি সৈয়দ উমর ফারুকের সভাপতিত্বে সংবর্ধনা সভায় রাউজান উপজেলা চেয়ারম্যান এহসানুল হায়দর বাবুল, চসিক প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য সোলায়মান আলম শেঠ, মহানগর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এম রেজাউল করিম চৌধুরী, ব্যবসায়ী হাজী মো. সাহাবুদ্দিন বক্তব্য দেন। স্বাগত বক্তব্য দেন অধ্যক্ষ মোহাম্মদ গিয়াস উদ্দিন।